দৈনিক বাংলা

তারিখ 16 JUL 1995
পৃষ্ঠা ৪২ কলাম ৭

# শিক্ষার গুণগত মানোন্নয়নের ওপর গুরুত্বারোপ করা হয়েছে ঃ শিক্ষামন্ত্রী

গাজীপুর। - শিক্ষামন্ত্রী ব্যরিস্টার জমির উদ্দীন সরকার দেশের জনসাধারণকে মানব সম্পদে রূপান্তরের জন্য শিক্ষা ও শিক্ষকের গুণগত মানের ওপর গুরুত্বারোপ করেছেন।

তিনি বৃহস্পতিবার গাজীপুরে বাংলাদেশ কৃষি গবেষণা কেন্দ্রের মিলনায়তনে একাডেমিক কাউন্সিল নেটওয়ার্ক ও টিচার্স রিসোর্স সেন্টার-এর মাধ্যমে শিক্ষার গুণগত মান উন্নয়ন ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের বিষয়ভিত্তিক দক্ষতাবৃদ্ধি সম্পর্কিত দিনব্যাপী এক কর্মশালার উদ্বোধন করেন। খবর তথ্য বিবরণীর।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর এ কর্মশালার আয়োজন করে। ব্যরিস্টার জমিরউদ্দীন সরকার বলেন, বিশ্বের অন্যান্য দেশের সঙ্গে প্রতিযোগিতায় টিকে থাকার জন্য সরকার বর্তমান শিক্ষা ব্যবস্থাকে সনাতনী ব্যবস্থা থেকে যুগোপযোগী ব্যবস্থায় ঢেলে সাজাতে কাজ করে যাচ্ছে। একজন খ্যাতিমান চীনা মনীষীর উদ্ধৃতি উল্লেখ করে মন্ত্রী বলেন," দেশের জনগণকে শিক্ষিত করে তুলতে সরকার উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করেছে।

কর্মশালায় বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী অধ্যাপক এমএ মান্নান বিশেষ অতিথির বক্তৃতা করেন।